দৈনিক
ইত্তেফাক

তারিখ ....9. FEB 2009...
পৃষ্ঠা ...১... কলাম...২.....

# ২৪ ঘন্টার মধ্যে পাঠ্যবই বাজারজাতকরণের নির্দেশ

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

চব্বিশ ঘন্টার মধ্যে তৃতীয় স্তরের সব বই বাজারজাতকরণের নির্দেশ দিয়েছে পাঠ্যপুস্তক সংকট নিরসনে গঠিত টাস্কফোর্স। টাস্কফোর্স সদস্যরা কাজ শুরুর প্রথম দিনে গতকাল রবিবার সন্ধ্যায় প্রকাশক ও মুদ্রাকরদের সাথে বৈঠক করে এ নির্দেশ দেয়। টাস্কফোর্সের আহবায়ক র‌্যাবের অতিরিক্ত মহা-পরিচালক কর্নেল রেজানুর রহমান খান বলেন, আগামী ২৪ ঘন্টার মধ্যে সকল প্রিন্টেড বই বাজারজাত করতে হবে। আমরা কোন গুদামে প্রিন্টেড বই দেখতে চাই না। এর ব্যত্যয় ঘটলে ব্যবস্থা নেয়া হবে।

তিনি বলেন, কাগজ নিয়ে সংকট সৃষ্টি করা হয়েছে। প্রকাশক বা মুদ্রাকররা ঠিক মত বই ছাপছে কিনা সেজন্য প্রতি রিম, প্রতি সিট কাগজের হিসাব নেব। প্রয়োজনে গ্রামে গিয়ে দেখা হবে কোথাও কোন অনিয়ম হচ্ছে (২য় পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## চল্লিশ দিন পার হলেও সব বই পায়নি শিক্ষার্থীরা

॥ নিজামুল হক ॥

শিক্ষাবর্ষের ৪০ দিন পার হলেও শিক্ষার্থীরা এখনো পুরোসেট পাঠ্য বই পায়নি। বেশিরভাগ শিক্ষার্থী বাংলা, ইংরেজি ও অংকে বই কিনতে (২য় পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## ২৪ ঘন্টার মধ্যে পাঠ্যবই

(প্রথম-পৃঃ পর)

কিনা। কোথাও কোন ছাড় দেয়া হবে না বলে তিনি জানান। তিনি বলেন, প্রাথমিক সংকট নিরসনের পর এসব অনিয়মের দিকে নজর দেয়া হবে।

টাস্কফোর্সের সদস্য পুলিশের অতিরিক্ত কমিশনার মীর্জা আবদুল্লাহিল বাকী প্রকাশক ও মুদ্রাকদের উদ্দেশ্যে বলেন, টাস্কফোর্স স্বাভাবিক কোন কমিটি বা কার্যক্রম নয়। অস্থিতিশীল পরিবেশ সৃষ্টি হলে টাস্কফোর্স কাজ করে। বই নিয়ে আপনারা যে সংকট সৃষ্টি করেছেন তা নিরসনে টাস্কফোর্স কাজ করবে। এই টাস্কফোর্স সফল হবে। আমরা ব্যর্থ হতে চাই না। তিনি বলেন, প্রকাশকরা বই যেসব লাইব্রেরীতে পাঠাবে সেসব লাইব্রেরীর নাম এবং কত সংখ্যক বই পাঠানো হয়েছে তার সংখ্যাও টাস্কফোর্সের কাছে সরবরাহ করতে হবে। টাস্কফোর্সে এ বিষয়েও নজরদারি করে দেখবে সঠিক সময়ে নির্দিষ্ট সংখ্যক বই পৌছানো হয়েছে কিনা। পুলিশ সার্বক্ষনিকভাবে সহায়তা করতে প্রস্তুত রয়েছে বলে তিনি জানান।

এ বিষয়টি নজরদারি করার জন্য এনসিটিবির ৩টি কমিটি গঠন করে। এ কমিটি আজ সকাল সোয়া ৬ টা থেকে কার্যক্রম শুরু করেছে। বই বাজারজাত করার জন্য প্রকাশক ও মুদ্রাকরদের পক্ষ থেকে আরো পাঁচ দিন সময় চাওয়া হলে টাস্কফোর্স তা নাকচ করে দিয়ে ২৪ ঘন্টার মধ্যে বাজারজাতকরনের নির্দেশ দেয়। বৈঠকে এনসিটিবি চেয়ারম্যান অধ্যাপক মহির উদ্দিন, সদস্য (পাঠ্যপুস্তক) অধ্যাপক মো: সিরাজুল হক উপস্থিত ছিলেন।